বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
প্রশাসন বিভাগ
স্বাধীনতা ভবন
৮৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
Website: www.bffwt.gov.bd

**বিষয়: মার্চ ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ মাহবুবের রহমান
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

তারিখ ও সময় : ৩১-০৩-২০২৬ খ্রি., সকাল ১১.০০ ঘটিকা

সভার স্থান : সভাকক্ষ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা: পরিশিষ্ট 'ক'

সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় গত ১৯-০২-২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

অত:পর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভার কার্যপত্র উপস্থাপন করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | আলোচ্যসূচি | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১. | শাখা পরিদর্শন | পরিচালক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, গত ০৪-০৩-২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত যুগ্মপরিচালক (কল্যাণ ও গবেষণা) বিভাগ কর্তৃক কল্যাণ ও গবেষণা বিভাগ পরিদর্শন করা হয়েছে।<br>সভাপতি বলেন, পরিদর্শন করলে শাখায় কি কি পেন্ডিং বিষয় আছে বা কি কি স্বল্পতা/দূর্বলতা রয়েছে তা' বের হয়ে আসে এবং তা নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করা যায়। তিনি সকল কর্মকর্তাকে নিবিড়ভাবে শাখা পরিদর্শনের নির্দেশনা দেন এবং পেন্ডিং তালিকা অনুযায়ী বিষয়গুলো দ্রুত নিষ্পত্তির নির্দেশনা দেন। | (ক) সচিবালয় নির্দেশমালা ২০২৪ অনুযায়ী কর্মকর্তাগণ প্রতিমাসে অবশ্যই শাখা পরিদর্শন করবেন।<br>(খ) পরিদর্শন প্রতিবেদনে পেন্ডিং বিষয়সমূহ উল্লেখসহ কি কারণে পেন্ডিং তা উল্লেখ করতে হবে। অত:পর পেন্ডিং নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। শাখায় কি কি স্বল্পতা/দুর্বলতা রয়েছে তাও উল্লেখ করতে হবে।<br>**বাস্তবায়নকারী:**<br>**পরিচালকবৃন্দ/অতিরিক্ত/যুগ্ম-পরিচালক/শাখা প্রধান/ইউনিট প্রধানবৃন্দ।** |
| ০২. | অনিষ্পন্নকৃত (Pending) নথি/পত্র দ্রুত নিস্পন্নকরণ | সভায় জানানো হয়, ট্রাস্ট প্রধান কার্যালয়ের কল্যাণ ও গবেষণা, বাণিজ্য ও উন্নয়ন বিভাগ এবং নিরীক্ষা শাখা থেকে পেন্ডিং রিপোর্ট পাওয়া গেছে। উক্ত প্রতিবেদনে কল্যাণ ও গবেষণা বিভাগে ১৬৪টি আবেদন, বাণিজ্য ও উন্নয়ন বিভাগে ০৫টি পত্র এবং নিরীক্ষা শাখার ১২১টি অডিট আপত্তি পেন্ডিং রয়েছে মর্মে জানানো হয়েছে।<br>সভাপতি অনিষ্পন্নের পূর্ণাঙ্গ তালিকা ছক আকারে প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা দেন। | (ক) প্রতি মাসে অতিরিক্ত পরিচালক/যুগ্ম-পরিচালকবৃন্দ আওতাধীন শাখার পেন্ডিং বিষয় নিয়ে অধীনস্থদের সাথে পর্যালোচনা করবেন।<br>বাস্তবায়নকারী: অতিরিক্ত পরিচালক/যুগ্ম-পরিচালকবৃন্দ (সকল)<br>(খ) অনিষ্পন্ন (Pending) নথি/পত্র/আবেদনের পূর্ণাঙ্গ তালিকা নিম্নবর্ণিত ছকের মাধ্যমে সভায় উপস্থাপন করতে হবে:<br>[ গত মাসের পেন্ডিং (পূর্বের জেরসহ) \| গত মাসে নিষ্পত্তির সংখ্যা \| ০১ মাস ও তদূর্দ্ধ সময়ে প্রাপ্ত পত্র \| বর্তমান মাসে কয়টি পত্র পাওয়া গেছে ও কয়টি পত্র অনিষ্পন্ন পত্র \| ০১ মাসের উর্দ্ধে হলে তার কারণ ]<br>বাস্তবায়নকারী:পরিচালকবৃন্দ ও অতি:/যুগ্ম-পরিচালকবৃন্দ/শাখা প্রধানবৃন্দ<br>(গ) যারা অগ্রিম গ্রহণ করেছে কিন্তু সমন্বয় করেননি, তাদের বিষয়ে ট্রাস্টের অর্থ বিভাগ হতে কল্যাণ বিভাগে পত্র দিতে হবে।<br>(ঘ) কল্যাণ বিভাগে প্রতিমাসে ভাতা, রেশন, মেডিকেল, এমআইএস, বিদুৎ, পানি, গ্যাস, হোল্ডিং ট্যাক্সসহ অন্যান্য ভাতা সংক্রান্ত কয়টি পত্র পাওয়া গেছে, কয়টি উপস্থাপন হয়েছে এবং কয়টি পেন্ডিং রয়েছে তা ছক আকারে আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঙ) অক্টোবর-২০২৫ পর্যন্ত বকেয়া চিকিৎসা বিলসমূহ উপস্থাপন করতে হবে। বর্তমানে প্রাপ্ত চিকিৎসা বিলের সামারী তৈরী করে পেশ করতে হবে।<br>(চ) কল্যাণ বিভাগের পেন্ডিং বিষয় নিয়ে প্রতিমাসে প্রয়োজনীয় সংখ্যক সভা করতে হবে। পরিচালক (কল্যাণ ও গবেষণা) এর সাথে আলোচনাক্রমে সময় ও তারিখ নির্ধারণক্রমে কল্যাণ বিভাগ কার্যবিবরণী প্রস্তুতপূর্বক জারি করবেন। |
| ০৩. | গোপনীয়তা রক্ষা করা ও বিবিধ কর পরিশোধ | সভাপতি বলেন, বিভিন্ন বিভাগ/শাখা থেকে ট্রাস্টের অতি গুরুত্বপূর্ণ তথ্য পাচার হয়ে যাচ্ছে যা হতাশাব্যঞ্জক। তিনি অসন্তোষ প্রকাশ করেন। ট্রাস্টের গোপনীয়/অতি গোপনীয় বিষয়গুলো নথি থেকে প্রকাশ করা থেকে বিরত থাকার জন্য তিনি নির্দেশ প্রদান করেন। বার্ষিক প্রতিবেদন, পৌরকর, ভূমিকর, নামজারি ইত্যাদির কার্যক্রম যথা সময়ে সম্পন্ন করার জন্য তাগিদ প্রদান করেন। | (ক) ট্রাস্টের গোপনীয়/অতি গোপনীয় বিষয়গুলো নথি থেকে প্রকাশ করা থেকে বিরত থাকতে হবে।<br>(খ) বার্ষিক প্রতিবেদন, পৌরকর, ভূমিকর, নামজারি ইত্যাদির কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে।<br>**বাস্তবায়নকারী: ১.অতিরিক্ত পরিচালক/যুগ্ম পরিচালক (সকল)**<br>**২.সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল)**<br>**৩.সকল প্রতিষ্ঠান প্রধান/শাখা কর্মকর্তা** |

অপর পৃষ্ঠ দ্রষ্টব্য

| ক্রমিক | আলোচ্যসূচি | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০৪. | নথি ব্যবস্থাপনা | সভাপতি নথি ব্যবস্থাপনাসহ নিম্নবর্ণিত বিষয়ে খেয়াল রাখার জন্য নির্দেশনা প্রদান করেন:<br>(ক) পুরাতন নথিগুলো রেকর্ডরুমে সংরক্ষণ করতে হবে। মসজিদের পাশের রুমে স্টিলের র‍্যাক করে নথি সংরক্ষণ করা যেতে পারে (খ) ভাঙ্গা ষ্টিলের/কাঠের আলমারি ও চেয়ার-টেবিলের তালিকা তৈরী করে মেরামতের ব্যবস্থা করা (গ) ট্রাস্টের সকল বিভাগ/শাখার অস্থাবর সম্পত্তি/আসবাবপত্রের ভিন্ন ভিন্ন নম্বর দিয়ে এবং অন্যান্য মালামালের স্টক রেজিষ্টার প্রস্তুতপূর্বক আগামী সভায় উপস্থাপন করতে হবে। (ঘ) ভ্যাকুয়াম ক্লিনার ক্রয় করা। (ঙ) নথিসমূহ সংরক্ষণের জন্য একটি রেকর্ড রুম তৈরি করতে হবে (চ) একটি ডিজিটাল আর্কাইভ তৈরী করতে হবে (ছ) প্রশাসন বিভাগ থেকে নস্ট কম্পিউটারসমূহ মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুত করেত হবে। | (ক) মসজিদের পাশের রুমে স্টিলের র‍্যাক করে নথি সংরক্ষণ করা যেতে পারে (খ) ভাঙ্গা ষ্টিলের/কাঠের আলমারি ও চেয়ার-টেবিলের তালিকা তৈরী করে মেরামতের ব্যবস্থা করা (গ) ট্রাস্টের সকল বিভাগ/শাখার অস্থাবর সম্পত্তি/আসবাবপত্রের ভিন্ন ভিন্ন নম্বর দিয়ে এবং অন্যান্য মালামালের স্টক রেজিষ্টার প্রস্তুতপূর্বক আগামী সভায় উপস্থাপন করতে হবে। (ঘ) ভ্যাকুয়াম ক্লিনার ক্রয় করা। (ঙ) নথিসমূহ সংরক্ষণের জন্য একটি রেকর্ড রুম তৈরি করতে হবে (চ) একটি ডিজিটাল আর্কাইভ তৈরী করতে হবে (ছ) প্রশাসন বিভাগ থেকে নস্ট কম্পিউটারসমূহ মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুত করেত হবে।<br>**বাস্তবায়নকারী: ১.পরিচালক (সকল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট**<br>**২.অতিরিক্ত পরিচালক/যুগ্ম পরিচালক (সকল)**<br>**৩.সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল)** |
| | ডি-নথি ব্যবস্থাপনা বাস্তবায়ন সংক্রান্ত | ডি-নথির কার্যক্রম নিয়ে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। তিনি জানান, কোনো শাখা/বিভাগ থেকে সঠিক ভাবে ডি-নথিতে উপস্থাপন করা হয়না, যা হতাশাব্যঞ্জক। তিনি বলেন, কল্যাণ বিভাগসহ অন্যান্য বিভাগ/শাখায় যারা কম্পিউটার জানেনা, তারা নথি উপস্থাপন করতে পারবেন না। তাদেরকে অন্য কাজ দিতে হবে। প্রয়োজনে জনবল ঢেলে সাজাতে হবে। সভাপতি ডি নথি হালনাগাদ তথ্য প্রতি সপ্তাহে জানানোর জন্য সহকারী প্রোগ্রামারকে নির্দেশনা দেন। তিনি জানান, কর্মচারীদের ছুটি, শ্রান্তি বিনোদন, ল্যাম্পগ্রান্ট ইত্যাদি নথি ডি-নথিতে উপস্থাপন করতে হবে। ট্রাস্টের নথি উপস্থাপনকারীগণ কর্তৃক প্রতি দিন কমপক্ষে ০১টি এবং সকল শাখা/বিভাগ থেকে প্রতি সপ্তাহে কমপক্ষে ৬৫টি ডি-নথি (পূর্বসিদ্ধান্ত অনুযায়ী) উপস্থাপন করতে হবে। অন্যথায় বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | ক) ট্রাস্টের সকল শাখা/বিভাগ থেকে উপস্থাপিত নথিসমূহ ডি-নথিতে উপস্থাপন করতে হবে।<br>খ) কর্মচারীদের ছুটি, শ্রান্তি বিনোদন, ল্যাম্পগ্রান্ট ইত্যাদি নথি ডি-নথিতে উপস্থাপন করতে হবে।<br>গ) সকল নথি উপস্থাপনকারী নিজ হস্তে কম্পিউটারে টাইপ করে নথি উপস্থাপন করবেন এবং পাশাপাশি ডি-নথিতে উপস্থাপন করবেন। বিশেষ করে কল্যাণ বিভাগে যারা কম্পিউটার টাইপিং জানে তাদেরকে নথি উপস্থাপনের দায়িত্ব দিতে হবে। নথি উপস্থাপনকারী কর্মকর্তা/ কর্মচারীদের মধ্যে যারা কম্পিউটার টাইপ জানেনা তাদেরকে অন্য কাজ দিতে হবে। প্রয়োজনে জনবল ঢেলে সাজাতে হবে।<br>**বাস্তবায়নকারী: ১.পরিচালক (সকল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ২.অতিরিক্ত পরিচালক/যুগ্ম পরিচালক (সকল) ৩.সহকারী প্রোগ্রামার (আইসিটি)।** |
| ০৫. | নিরীক্ষা আপত্তি সংক্রান্ত | সভায় অনিষ্পন্ন অডিট আপত্তির নিম্নরূপ তথ্য উপস্থাপন করা হয়:<br>ক) SFI (অগ্রিম) ৯০টি ২৩,৮৪১.৩৭ লক্ষ<br>খ) Non-SFI (সাধারণ) ৩১টি ৭,৫৪০.০২ লক্ষ<br>**মোট ১২১টি ৩১,৩৮১.৩৯ লক্ষ**<br>সহকারী প্রধান নিরীক্ষা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ১২১টি। তন্মধ্যে সাধারণ (দ্বি-পক্ষীয়) আপত্তির সংখ্যা ৯০টি এবং অগ্রিম (ত্রি-পক্ষীয়) আপত্তির সংখ্যা ৩১টি।<br>গত ২০.১০.২০২৫ তারিখে ২০২৩-২৪ অর্থবছরের ট্রাস্ট-সংশ্লিষ্ট ০৮টি অডিট আপত্তির BSR মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রেরণ করা হয়েছে। বর্ণিত অডিট আপত্তির জবাব প্রাথমিকভাবে সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। খসড়া Reconciliation কার্য চূড়ান্তকরণের লক্ষ্যে সর্বশেষ গত ১৮-১২-২০২৫ খ্রি. তারিখে মহাপরিচালক, সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।<br>গত ২৩-০৪-২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্তের আলোকে প্রস্তুতকৃত কার্যবিবরণীর কপি পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য গত ২১-০৫-২০২৫ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। যেহেতু চূড়ান্ত নিষ্পত্তিমূলক জারীপত্র এখনও পাওয়া যায়নি বিধায় গত ০৬-০৮-২০২৫ খ্রি. তারিখে ট্রাস্ট সংশ্লিষ্ট ০৯টি অগ্রিম আপত্তির বিষয়ে সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর কর্তৃক নিষ্পত্তিমূলক পত্র জারি প্রয়োজন বিধায় পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি বলেন, অডিট রেজিষ্টার যথাযথ ভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে এবং যেসকল আপত্তিতে ব্যক্তিগত দায় আছে, তা পত্র দিয়ে দায়ী ব্যক্তিকে জানাতে হবে। অডিটের সম্পূর্ণ রিপোর্ট মন্ত্রণালয়ের সমন্বয় সভায় দিতে হবে। অডিট বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তাদের দিয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। কল্যাণ বিভাগের বিলগুলো নিরীক্ষার বিষয়ে নিরীক্ষা শাখা থেকে নথি উপস্থাপন করতে হবে। | ক) ট্রাস্টের ১২১টি অনিষ্পন্ন অডিট আপত্তি নিয়ে তথ্য-উপাত্তসহ ব্রডশিট জবাব/ পুন:জবাব প্রেরণ এবং দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আহ্বান করতে হবে। ট্রাস্টের ৭৪৯টি আপত্তি Reconciliation এর জন্য মহাপরিচালক অডিট অধিদপ্তরে যোগাযোগ করতে হবে।<br>খ) দ্রুত কার্যপত্র প্রস্তুত করে খসড়া ব্যবস্থাপনা পরিচালক-কে দেখাতে হবে।<br>গ) অডিট রেজিষ্টার যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে।<br>ঘ) যেসকল আপত্তিতে ব্যক্তিগত দায় আছে, তা পত্র দিয়ে দায়ী ব্যক্তিকে জানাতে হবে। অডিট বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তাদের দিয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে।<br>ঙ) অডিটের সম্পূর্ণ রিপোর্ট মন্ত্রণালয়ের সমন্বয় সভায় দিতে হবে।<br>চ) বাহক চেক দেয়ার পদ্ধতি পরিহার করতে হবে।<br>ছ) ট্রাস্টের ৩১টি Non-SFI (সাধারণ) অনিষ্পন্ন অডিট আপত্তির উপর দ্বি-পক্ষীয় সভা আহ্বান করতে হবে।<br>জ) কল্যাণ বিভাগের বিলগুলো নিরীক্ষার বিষয়ে নিরীক্ষা শাখা থেকে নথি উপস্থাপন করতে হবে।<br>**বাস্তবায়নকারী:**<br>**সহকারী প্রধানরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রধান নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।** |

<table>
<tr><th>ক্রমিক</th><th>আলোচ্যসূচি</th><th>আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত</th></tr>
<tr><td>০৬.</td><td>ট্রাস্টের মামলা সংক্রান্ত</td><td>
যুগ্ম পরিচালক সভায় ট্রাস্টের বিদ্যমান সকল প্রকার মামলার পরিসংখ্যান তুলে ধরেন যার ক্যাটাগরি ভিত্তিক সার-সংক্ষেপ নিম্নরূপ:
<table>
<tr><td>ক)</td><td>রিট মামলা (ভাতা বন্ধ-১৭০টি, গেজেট বাতিল-১৭টি ও ফ্ল্যাটের বিষয়ে ০৯টি)</td><td>১৯৬টি</td></tr>
<tr><td>খ)</td><td>কনটেম্পট মামলা</td><td>০৮টি</td></tr>
<tr><td>গ)</td><td>গুলিস্তান+টাওয়ার-৭১</td><td>১৩টি</td></tr>
<tr><td>ঘ)</td><td>সার্ভিস বিষয়ক মামলা(কর্মচারীদের মামলা)</td><td>১৪টি</td></tr>
<tr><td>ঙ)</td><td>জমি-জমা সংক্রান্ত মামলা</td><td>৩৬টি</td></tr>
<tr><td>চ)</td><td>মানিস্যুট মামলা (ভাড়া সংক্রান্ত মামলা)</td><td>০৯টি</td></tr>
<tr><td></td><td>মোট মামলা-</td><td>২৭৬টি</td></tr>
</table>
তিনি জানান, এ বিষয়ে গত ১৭-০৫-২০২৫ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি/পরিচালনার জন্য ট্রাস্টে একজন আইন উপদেষ্টা (চুক্তিভিত্তিক) ও ০৭ (সাত) জন প্যানেল আইনজীবী কাজ করছেন। তন্মধ্যে জমি সংক্রান্ত মামলাগুলো দ্রুত নিষ্পত্তির জন্য ট্রাস্টের আইন উপদেষ্টার সাথে পরামর্শ করে নিয়োজিত আইনজীবীকে বলা হচ্ছে এবং এ বিষয়ে মামলার গুরুত্ব অনুসারে আলোচনা সাপেক্ষে প্রয়োজনে কোর্টে সিনিয়র আইনজীবী নিয়োগ করা হচ্ছে। তাছাড়া কনটেমপ্ট মামলাগুলো ভাতা সংক্রান্ত বিষয়ে রুজু হয়েছে বিধায় মামলার তালিকা করে গুরুত্বসহকারে পরিচালনা করা হচ্ছে।<br>
সভাপতি জমি সংক্রান্ত এবং কনটেমপ্ট মামলাগুলো গুরুত্ব সহকারে পরিচালনা এবং ক্ষেত্র বিশেষে বাদীর সাথে আলোচনা করে মামলা প্রত্যাহারের কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করেন। মামলাসমূহ নিষ্পত্তির লক্ষ্যে ট্রাস্টের বিজ্ঞ আইন উপদেষ্টা মহোদয়কে নিয়ে মামলা ভিত্তিক একটি কার্যধারা প্রণয়নের জন্য নির্দেশনা দিয়েছেন। যাতে মামলাগুলো নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যায়। নারায়ণগঞ্জ, ডালপট্টির জমির বিষয়ে জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ-কে পত্র দেয়ার জন্য নির্দেশনা দেন।<br>
সভাপতি নিম্নবর্ণিত মামলাগুলো গুরুত্বসহকারে পরিচালনা করে দ্রুত নিষ্পত্তি করার জন্য তাগিদ প্রদান করেন:<br>
(১) তেজগাঁওস্থ মেটাল প্যাকেজেস লি: এর জমি নিয়ে প্রাক্তন লিজির মামলা (নং-১১৭৮৪/২২); শুনানীর তালিকাভুক্তির জন্য আদালতে আবেদন করা হয়েছে এবং তালিকায় এসেছে।<br>
(২) গাজীপুর জেলার ইউটিসি এর ১.২৫ একর জমির বিক্রীত দলিল বাতিল মামলা (১৬৭/২০০৮); এ গত ২৪-১১-২০২৫ খ্রি. তারিখে ট্রাস্টের পক্ষে রায় ও ডিক্রী হয়। ফলে ১.২৫ একর জায়গা ট্রাস্টে ফেরৎ পাওয়ার নিম্ন আদালতের রায় ও ডিক্রী পাওয়া গেছে। ইতোমধ্যে জায়গা দখলে নিয়ে সাইনবোর্ড টানানো হয়েছে।<br>
(৩) চট্টগ্রামস্থ মেটাল প্যাকেজেস লি: এর ২.০০ একর বিক্রীত দলিল বাতিল মামলা (নং-৩৫৫/২৪); শুনানীর তালিকাভুক্তির জন্য আদালতে আবেদন করা হয়েছে এবং তালিকায় আসছে।<br>
(৪) ১/৬ এর রিট পিটিশন নং-১৬৪০১/২৪ ও ৩৯০৪/২৫ মামলা; আগামী ১০-১২-২০২৫ তারিখে মাননীয় আদালত মামলার আদেশ প্রদানের দিন ধার্য ছিল। কিন্তু আদেশ না দিয়ে রায় প্রদান করবে মর্মে শুনানীর তালিকায় রাখার আদেশ দেন। আগামী ১২/০২/২০২৬ খ্রি. তারিখের পর তালিকায় আসতে পারে।<br>
(৫) হরদেও গ্লাস ওয়ার্কসের ৪নং শ্রমিক কলোনী জমির মামলা;<br>
(৬) নারায়ণগঞ্জ, ডালপট্টির জমি সংক্রান্ত মামলাসমূহ; আপীল বিভাগের রিভিউ পিটিশন নং-১৪৯/২০২৪ আগামী ১১-১২-২০২৫ খ্রি. তারিখে শুনানীর তালিকায় অন্তর্ভূক্ত করার জন্য চেম্বার আদালতে আদেশ হয়েছে। এখনও শোনানীর তালিকায় চলমান। এ বিষয়ে জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ-কে পত্র দিতে হবে।<br>
৭) জমি সংক্রান্ত মামলাসমূহের তথ্য-উপাত্তসহ একটি পৃথক সভা আহবান করতে হবে।<br>
৭) মডেল মিনি মার্কেটের ভাড়া/উচ্ছেদ সংক্রান্ত মামলা (১১৪৭/২২) আলোচনা করে নিষ্পত্তির উদ্যোগ নিতে হবে: সূলেনামার প্রস্তুত করা হয়েছে। শীঘ্রই তা উভয় পক্ষের স্বাক্ষরে মামলা প্রত্যাহার করতে হবে।
</td><td>
(ক) মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। জমি সংক্রান্ত এবং কনটেমপ্ট মামলাসমূহের দিকে বিশেষ নজর দিয়ে গুরুত্বসহকারে পরিচালনা করতে হব। কনটেমপ্ট মামলায় বাদীর সাথে আলোচনা করে মামলা প্রত্যাহারের কার্যক্রম গ্রহণ করতে হবে। ট্রাস্টের গাফলতির কারণে যেন কোনো কনটেমপ্ট মামলার উদ্ভব না হয় সেদিকে খেয়াল রাখতে হবে।<br>
(খ) বর্ণিত মামলাগুলোর মধ্যে যে সকল মামলা মাননীয় হাইকোর্ট ও আপীল বিভাগে বিচারাধীন আছে সে সকল মামলার তালিকা মন্ত্রণালয়ের মাধ্যমে বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল এর কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>
(গ) ভাতা সংক্রান্ত/ফ্ল্যাট সংক্রান্ত/গুলিস্তান সংক্রান্ত যে সকল রিট মামলা রয়েছে। তার তালিকা অনুযায়ী একই প্রকৃতির মামলা অলাদা তালিকা করে একত্রে শুনানীর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>
(ঘ) জমি সংক্রান্ত মামলাগুলো নিয়ে বিজ্ঞ আইন উপদেষ্টার সাথে বসে মামলা ভিত্তিক একটি কার্যধারা প্রণয়ন করে নিষ্পত্তির উদ্যোগ নিতে হবে।<br>
(ঙ) তাছাড়া নিম্নবর্ণিত মামলাগুলো গুরুত্বসহকারে পরিচালনা করে দ্রুত নিষ্পত্তি করতে হবে:<br>
(১) তেজগাঁওস্থ মেটাল প্যাকেজেস লি: এর জমি নিয়ে প্রাক্তন লিজির সাথে আলোচনা করে মামলা (নং-১১৭৮৪/২২) নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে;<br>
(২) গাজীপুর জেলার ইউটিসি এর রায়প্রাপ্ত জায়গায় দোকান নির্মাণ করতে হবে;<br>
(৩) চট্টগ্রামস্থ মেটাল প্যাকেজেস লি: এর দলিল বাতিল সংক্রান্ত মামলা (নং-৩৫৫/২৪) এর বিষয়ে জাতীয় অধ্যাপক মরহুম জনাব নুরুল ইসলামের পুত্র-কন্যাদের সাথে কথা বলে মিমাংসার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>
(৪) ১/৬ এর রিট পিটিশন নং-১৬৪০১/২৪ ও ৩৯০৪/২৫ মামলার রায়ের পদেক্ষপ নিতে হবে।<br>
(৫) নারায়ণগঞ্জ, ডালপট্টির জায়গার বিষয়ে জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর সাথে দেখা করে উচ্ছেদ কার্যক্রম নিতে হবে<br>
(৬) মামলাসমূহ নিষ্পত্তির লক্ষ্যে করনীয় সম্পর্কে একটি স্পষ্ট কার্যধারা প্রণয়ন করতে ট্রাস্টের বিজ্ঞ আইন উপদেষ্টা মহোদয়কে অনুরোধ করতে হবে।<br>
<u>বাস্তবায়নকারী:</u>যুগ্মপরিচালক(প্রশাসন)/উপ-সহকারী পরিচালক, ভূমি ও আইন<br>
(১) তেজগাঁওস্থ মেটাল প্যাকেজেস লি: এর জমি নিয়ে প্রাক্তন লিজির মামলা (নং-১১৭৮৪/২২); শুনানীর তালিকাভুক্তির জন্য আদালতে আবেদন করা হয়েছে বেঞ্চ ভেঙ্গে যাওয়ায় শুনানীর তালিকায় আসেনি।<br>
(২) হরদেও গ্লাস ওয়ার্কসের ৪নং শ্রমিক কলোনী জমির মামলা নং-৩২৮১/২৫ শুনানীর তারিখ নির্ধারণের জন্য তালিকায় আছে;<br>
(৩) নারায়ণগঞ্জ, ডালপট্টির জমি সংক্রান্ত মামলাসমূহ; আপীল বিভাগের রিভিউ পিটিশন নং-১৪৯/২০২৪ আগামী ১১-১২-২০২৫ খ্রি. তারিখে শুনানীর তালিকায় অন্তর্ভূক্ত করার জন্য চেম্বার আদালতে আদেশ হয়েছে। শুনানীর তালিকায় আসছে। এ বিষয়ে জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ-কে পত্র দিতে হবে।<br>
৪) জমি সংক্রান্ত মামলাসমূহের তথ্য-উপাত্তসহ একটি পৃথক সভা আহবান করতে হবে।<br>
৫) মডেল মিনি মার্কেটের ভাড়া/উচ্ছেদ সংক্রান্ত মামলা (১১৪৭/২২) আলোচনা করে নিষ্পত্তির সূলেনামার স্বাক্ষর করা হয়েছে।
</td></tr>
</table>

অপর পৃষ্ঠ দ্রষ্টব্য

<table>
<tr><th>ক্রমিক</th><th>আলোচ্যসূচি</th><th>আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত</th></tr>
<tr>
<td>০৬.</td>
<td>ট্রাস্টের মামলা সংক্রান্ত</td>
<td>
যুগ্ম পরিচালক সভায় ট্রাস্টের বিদ্যমান সকল প্রকার মামলার পরিসংখ্যান তুলে ধরেন যার ক্যাটাগরি ভিত্তিক সার-সংক্ষেপ নিম্নরূপ:
<table>
<tr><td>ক)</td><td>রিট মামলা (ভাতা বন্ধ-১৭০টি, গেজেট বাতিল-১৭টি ও ফ্ল্যাটের বিষয়ে ০৯টি)</td><td>১৯৬টি</td></tr>
<tr><td>খ)</td><td>কনটেম্পট মামলা</td><td>০৮টি</td></tr>
<tr><td>গ)</td><td>গুলিস্তান+টাওয়ার-৭১</td><td>১৩টি</td></tr>
<tr><td>ঘ)</td><td>সার্ভিস বিষয়ক মামলা(কর্মচারীদের মামলা)</td><td>১৪টি</td></tr>
<tr><td>ঙ)</td><td>জমি-জমা সংক্রান্ত মামলা</td><td>৩৬টি</td></tr>
<tr><td>চ)</td><td>মানিস্যুট মামলা (ভাড়া সংক্রান্ত মামলা)</td><td>০৯টি</td></tr>
<tr><td></td><td>মোট মামলা-</td><td>২৭৬টি</td></tr>
</table>
তিনি জানান, এ বিষয়ে গত ১৭-০৫-২০২৫ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি/পরিচালনার জন্য ট্রাস্টে একজন আইন উপদেষ্টা (চুক্তিভিত্তিক) ও ০৭ (সাত) জন প্যানেল আইনজীবী কাজ করছেন। তন্মধ্যে জমি সংক্রান্ত মামলাগুলো দ্রুত নিষ্পত্তির জন্য ট্রাস্টের আইন উপদেষ্টার সাথে পরামর্শ করে নিয়োজিত আইনজীবীকে বলা হচ্ছে এবং এ বিষয়ে মামলার গুরুত্ব অনুসারে আলোচনা সাপেক্ষে প্রয়োজনে কোর্টে সিনিয়র আইনজীবী নিয়োগ করা হচ্ছে। তাছাড়া কনটেমপ্ট মামলাগুলো ভাতা সংক্রান্ত বিষয়ে রুজু হয়েছে বিধায় মামলার তালিকা করে গুরুত্বসহকারে পরিচালনা করা হচ্ছে।<br>
সভাপতি জমি সংক্রান্ত এবং কনটেমপ্ট মামলাগুলো গুরুত্ব সহকারে পরিচালনা এবং ক্ষেত্র বিশেষে বাদীর সাথে আলোচনা করে মামলা প্রত্যাহারের কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করেন। মামলাসমূহ নিষ্পত্তির লক্ষ্যে ট্রাস্টের বিজ্ঞ আইন উপদেষ্টা মহোদয়কে নিয়ে মামলা ভিত্তিক একটি কার্যধারা প্রণয়নের জন্য নির্দেশনা দিয়েছেন। যাতে মামলাগুলো নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যায়। নারায়ণগঞ্জ, ডালপট্টির জমির বিষয়ে জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ-কে পত্র দেয়ার জন্য নির্দেশনা দেন।<br>
সভাপতি নিম্নবর্ণিত মামলাগুলো গুরুত্বসহকারে পরিচালনা করে দ্রুত নিষ্পত্তি করার জন্য তাগিদ প্রদান করেন:<br>
(১) তেজগাঁওস্থ মেটাল প্যাকেজেস লি: এর জমি নিয়ে প্রাক্তন লিজির মামলা (নং-১১৭৮৪/২২); শুনানীর তালিকাভুক্তির জন্য আদালতে আবেদন করা হয়েছে এবং তালিকায় এসেছে।<br>
(২) গাজীপুর জেলার ইউটিসি এর ১.২৫ একর জমির বিক্রীত দলিল বাতিল মামলা (১৬৭/২০০৮); এ গত ২৪-১১-২০২৫ খ্রি. তারিখে ট্রাস্টের পক্ষে রায় ও ডিক্রী হয়। ফলে ১.২৫ একর জায়গা ট্রাস্টে ফেরৎ পাওয়ার নিম্ন আদালতের রায় ও ডিক্রী পাওয়া গেছে। ইতোমধ্যে জায়গা দখলে নিয়ে সাইনবোর্ড টানানো হয়েছে।<br>
(৩) চট্টগ্রামস্থ মেটাল প্যাকেজেস লি: এর ২.০০ একর বিক্রীত দলিল বাতিল মামলা (নং-৩৫৫/২৪); শুনানীর তালিকাভুক্তির জন্য আদালতে আবেদন করা হয়েছে এবং তালিকায় আসছে।<br>
(৪) ১/৬ এর রিট পিটিশন নং-১৬৪০১/২৪ ও ৩৯০৪/২৫ মামলা; আগামী ১০-১২-২০২৫ তারিখে মাননীয় আদালত মামলার আদেশ প্রদানের দিন ধার্য ছিল। কিন্তু আদেশ না দিয়ে রায় প্রদান করবে মর্মে শুনানীর তালিকায় রাখার আদেশ দেন। আগামী ১২/০২/২০২৬ খ্রি. তারিখের পর তালিকায় আসতে পারে।<br>
(৫) হরদেও গ্লাস ওয়ার্কসের ৪নং শ্রমিক কলোনী জমির মামলা;<br>
(৬) নারায়ণগঞ্জ, ডালপট্টির জমি সংক্রান্ত মামলাসমূহ; আপীল বিভাগের রিভিউ পিটিশন নং-১৪৯/২০২৪ আগামী ১১-১২-২০২৫ খ্রি. তারিখে শুনানীর তালিকায় অন্তর্ভূক্ত করার জন্য চেম্বার আদালতে আদেশ হয়েছে। এখনও শোনানীর তালিকায় চলমান। এ বিষয়ে জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ-কে পত্র দিতে হবে।<br>
৭) জমি সংক্রান্ত মামলাসমূহের তথ্য-উপাত্তসহ একটি পৃথক সভা আহবান করতে হবে।<br>
৭) মডেল মিনি মার্কেটের ভাড়া/উচ্ছেদ সংক্রান্ত মামলা (১১৪৭/২২) আলোচনা করে নিষ্পত্তির উদ্যোগ নিতে হবে: সূলেনামার প্রস্তুত করা হয়েছে। শীঘ্রই তা উভয় পক্ষের স্বাক্ষরে মামলা প্রত্যাহার করতে হবে।
</td>
<td>
(ক) মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। জমি সংক্রান্ত এবং কনটেমপ্ট মামলাসমূহের দিকে বিশেষ নজর দিয়ে গুরুত্বসহকারে পরিচালনা করতে হবে। কনটেমপ্ট মামলায় বাদীর সাথে আলোচনা করে মামলা প্রত্যাহারের কার্যক্রম গ্রহণ করতে হবে। ট্রাস্টের গাফলতির কারণে যেন কোনো কনটেমপ্ট মামলার উদ্ভব না হয় সেদিকে খেয়াল রাখতে হবে।<br>
(খ) বর্ণিত মামলাগুলোর মধ্যে যে সকল মামলা মাননীয় হাইকোর্ট ও আপীল বিভাগে বিচারাধীন আছে সে সকল মামলার তালিকা মন্ত্রণালয়ের মাধ্যমে বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল এর কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>
(গ) ভাতা সংক্রান্ত/ফ্ল্যাট সংক্রান্ত/গুলিস্তান সংক্রান্ত যে সকল রিট মামলা রয়েছে। তার তালিকা অনুযায়ী একই প্রকৃতির মামলা অলাদা তালিকা করে একত্রে শুনানীর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>
(ঘ) জমি সংক্রান্ত মামলাগুলো নিয়ে বিজ্ঞ আইন উপদেষ্টার সাথে বসে মামলা ভিত্তিক একটি কার্যধারা প্রণয়ন করে নিষ্পত্তির উদ্যোগ নিতে হবে।<br>
(ঙ) তাছাড়া নিম্নবর্ণিত মামলাগুলো গুরুত্বসহকারে পরিচালনা করে দ্রুত নিষ্পত্তি করতে হবে:<br>
(১) তেজগাঁওস্থ মেটাল প্যাকেজেস লি: এর জমি নিয়ে প্রাক্তন লিজির সাথে আলোচনা করে মামলা (নং-১১৭৮৪/২২) নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে;<br>
(২) গাজীপুর জেলার ইউটিসি এর রায়প্রাপ্ত জায়গায় দোকান নির্মাণ করতে হবে;<br>
(৩) চট্টগ্রামস্থ মেটাল প্যাকেজেস লি: এর দলিল বাতিল সংক্রান্ত মামলা (নং-৩৫৫/২৪) এর বিষয়ে জাতীয় অধ্যাপক মরহুম জনাব নূরুল ইসলামের পুত্র-কন্যাদের সাথে কথা বলে মিমাংসার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>
(৪) ১/৬ এর রিট পিটিশন নং-১৬৪০১/২৪ ও ৩৯০৪/২৫ মামলার রায়ের পদেক্ষপ নিতে হবে।<br>
(৫) নারায়ণগঞ্জ, ডালপট্টির জায়গার বিষয়ে জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর সাথে দেখা করে উচ্ছেদ কার্যক্রম নিতে হবে<br>
(৬) মামলাসমূহ নিষ্পত্তির লক্ষ্যে করনীয় সম্পর্কে একটি স্পষ্ট কার্যধারা প্রণয়ন করতে ট্রাস্টের বিজ্ঞ আইন উপদেষ্টা মহোদয়কে অনুরোধ করতে হবে।<br>
<u>বাস্তবায়নকারী:</u>যুগ্মপরিচালক(প্রশাসন)/উপ-সহকারী পরিচালক, ভুমি ও আইন<br>
(১) তেজগাঁওস্থ মেটাল প্যাকেজেস লি: এর জমি নিয়ে প্রাক্তন লিজির মামলা (নং-১১৭৮৪/২২); শুনানীর তালিকাভুক্তির জন্য আদালতে আবেদন করা হয়েছে বেঞ্চ ভেঙ্গে যাওয়ায় শুনানীর তালিকায় আসেনি।<br>
(২) হরদেও গ্লাস ওয়ার্কসের ৪নং শ্রমিক কলোনী জমির মামলা নং-৩২৮১/২৫ শুনানীর তারিখ নির্ধারণের জন্য তালিকায় আছে;<br>
(৩) নারায়ণগঞ্জ, ডালপট্টির জমি সংক্রান্ত মামলাসমূহ; আপীল বিভাগের রিভিউ পিটিশন নং-১৪৯/২০২৪ আগামী ১১-১২-২০২৫ খ্রি. তারিখে শুনানীর তালিকায় অন্তর্ভূক্ত করার জন্য চেম্বার আদালতে আদেশ হয়েছে। শুনানীর তালিকায় আসছে। এ বিষয়ে জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ-কে পত্র দিতে হবে।<br>
৪) জমি সংক্রান্ত মামলাসমূহের তথ্য-উপাত্তসহ একটি পৃথক সভা আহবান করতে হবে।<br>
৫) মডেল মিনি মার্কেটের ভাড়া/উচ্ছেদ সংক্রান্ত মামলা (১১৪৭/২২) আলোচনা করে নিষ্পত্তির সূলেনামার স্বাক্ষর করা হয়েছে।
</td>
</tr>
</table>

অপর পৃষ্ঠ দ্রষ্টব্য

| ক্রমিক | আলোচ্যসূচি | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০৭. | ট্রাস্টের কর্মচারী চাকরি প্রবিধান মালা-২০২৪ চূড়ান্তকরণ | পরিচালক (প্রশাসন) সভাকে জানান যে, ট্রাস্টের কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০২৪ এর খসড়া গত ০৯-০১-২০২৫ খ্রিষ্টাব্দ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রেরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ট্রাস্টের চাকরি প্রবিধানমালায় ভবিষ্য তহবিল/পেনশন/আনুতোষিকসহ অন্যান্য আর্থিক সংশ্লেষ সংক্রান্ত বিষয়ে অর্থ বিভাগের মতামত গ্রহণপূর্বক পদসৃজনের জিওসহ প্রবিধানমালা প্রণয়ন সংক্রান্ত চেকলিষ্ট অনুযায়ী স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য বলা হয়েছে। নির্দেশনা অনুযায়ী উক্ত তথ্য অর্থ বিভাগে প্রেণের লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ হয়েছে এবং গত ২০-১০-২০২৫ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অর্থ বিভাগ থেকে জানা যায় গৃহ নির্মাণ, গৃহ মেরামত, মোটর সাইকেল ক্রয়, কম্পিউটার ক্রয়ের কথা উল্লেখ আছে। গৃহ নির্মাণ ঋণের ক্ষেত্রে অর্থ বিভাগের গৃহ ঋণ সেলের মতামতের জন্য প্রেরণ করা হয়েছে ।<br>সভাপতি এ বিষয়ে মন্ত্রণালয়ে যোগাযোগ রক্ষা করার জন্য নির্দেশনা প্রদান করেন। | ট্রাস্টের চাকরি প্রবিধানমালা-২০২৪ চূড়ান্তকরণ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগে যোগাযোগ রক্ষা করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী:**<br>**যুগ্ম পরিচালক, প্রশাসন, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।** |
| ০৮. | পূর্ণিমা ফিলিং এন্ড সার্ভিস স্টেশন আধুনিকায়ন সংক্রান্ত | ট্রাস্ট প্রতিষ্ঠান পূর্ণিমা ফিলিং এন্ড সার্ভিস স্টেশনে এলপিজি স্থাপনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রতিষ্ঠান প্রধান সভাকে অবহিত করেন যে, গত ০৮-০৫-২০২২ এবং ২৭-১১-২০২২ খ্রিষ্টাব্দ তারিখ বিস্ফোরক অধিদপ্তরে আবেদন করা হয়। নীতিমালা অনুযায়ী অটো গ্যাস রিফুয়েলিং স্টেশনের জায়গার পরিমাণ হতে হবে ১৬.৫ শতক কিন্তু পূর্ণিমা ফিলিং এন্ড সার্ভিস স্টেশনের জায়গার পরিমাণ হলো ১১ শতক। জায়গার পরিমাণ কম হওয়ার কারণে এলপি গ্যাস সরবরাহের লাইসেন্স মঞ্জুর ও নকশা অনুমোদন গ্রহণ করা সম্ভব হয়নি। তবে এ বিষয়ে বিস্ফোরক অধিদপ্তর লিখিতভাবে এখনও কিছু জানায়নি। সভাপতি বলেন, বিক্রয় বৃদ্ধির লক্ষে দৈনিক পত্রিকায় পূর্ণাঙ্গ পাতায় বিজ্ঞাপন প্রদানের ব্যবস্থা গ্রহণসহ তেল সরবরাহকারী প্রতিষ্ঠান যমুনা অয়েল কোম্পানী লিমিটেডের সাথে পূর্ণিমা ফিলিং এন্ড সার্ভিস স্টেশনের কি চুক্তি হয়েছে তা জানা প্রয়োজন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পিআরএল-যাওয়ার আগে প্রতিষ্ঠানের সকল হিসাব প্রধান কার্যালয়ে বুঝিয়ে দিয়ে যাবেন।<br>পূর্ণিমা ফিলিং এন্ড সার্ভিস স্টেশনের গত ২০২২-২৩ থেকে ২০২৪-২৫ অর্থবছর পর্যন্ত ০৩ (তিন) বছরের আয়-ব্যয় হিসাব কোন সিএ ফার্ম দ্বারা চূড়ান্ত করে পরবর্তীতে অডিট করানোর জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন । | ক) পূর্ণিমা ফিলিং এন্ড সার্ভিস স্টেশনের বিক্রয় বৃদ্ধির লক্ষে দৈনিক পত্রিকায় পূর্ণাঙ্গ পাতায় বিজ্ঞাপন প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে ।<br>খ) যে সকল প্রতিষ্ঠানে তেলের বিল বকেয়া আছে, তা দ্রুত আদায়ের জন্য আধা-সরকারী পত্রের খসড়া উপস্থাপন করতে হবে।<br>গ) বিক্রয় বৃদ্ধিকল্পে প্রচার কার্যক্রম জোরদার করতে হবে। প্রয়োজনে ট্রাস্ট প্রধানের স্বাক্ষরে পত্র মারফত অনুরোধ করতে হবে।<br>ঘ) ঝ) পূর্ণিমা ফিলিং এন্ড সার্ভিস স্টেশনের গত ২০২২-২৩, ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছর পর্যন্ত ০৩ (তিন) বছরের আয়-ব্যয়ের হিসাব বাইরের যেকোন সিএ ফার্ম দ্বারা চূড়ান্ত করে পরবর্তীতে অডিট করাতে হবে<br><br>**বাস্তবায়নকারী: ক) পরিচালক (বাণিজ্য ও উন্নয়ন)**<br>**খ) ইউনিট প্রধান, পূর্ণিমা ফিলিং এন্ড সার্ভিস স্টেশন (খ) সহকারী প্রধান নিরীক্ষা কর্মকর্তা** |
| ০৯. | ট্রাস্টের ভূমি সংক্রান্ত | সভায় যুগ্ম পরিচালক (প্রশাসন) জানান, ভূমি উন্নয়ন কর ও পৌর কর নিয়মিত পরিশোধ করার লক্ষ্যে ট্রাস্টের নিকট পাওনা কত তা জানানোর জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ করা হয়েছে। কিছু কিছু প্রতিষ্ঠানের পাওনা সংক্রান্ত তথ্য পাওয়া গেছে। অন্যান্য প্রতিষ্ঠানের তথ্য পাওয়া গেলে একসাথে তা উপস্থাপন করা হবে। তাছাড়া পৌর করের যে বিলগুলো পাওয়া গেছে তা উপস্থাপন করা হয়েছে।<br>কোন প্রতিষ্ঠানের কর পরিশোধিত, কোনগুলো পরিশোধ করা হয়নি এবং কোনগুলো পরিশোধযোগ্য সে সকল ভূমিসমূহের ভূমি উন্নয়ন কর ও পৌর করের পূর্ণাঙ্গ তালিকা/তথ্য আগামী ০৩ (তিন) দিনের মধ্যে উপস্থাপনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br>ঘ) সভাপতি বলেন, জমি সংক্রান্ত মামলাগুলো দ্রুত নিষ্পত্তির উদ্যোগ নিতে হবে এবং আইন উপদেষ্টার সাথে পরামর্শ করে মামলা নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণ করতে হবে। ট্রাস্টের সকল দলিল ও অন্যান্য ডকুমেন্টের ডিজিটাল আর্কাইভ তৈরীর জন্য ভেন্ডর নিয়োগ করতে হবে। দ্রুত ভূমি শাখা পরিদর্শন করা হবে ।<br>ইস্টার্ণ কেমিক্যাল এর মূল দলিল প্রধান কার্যালয়ে জমা দেয়ার জন্য চট্টগ্রামের প্রতিষ্ঠান প্রধানকে পত্র দেয়ার নির্দেশনা দেন। | ক) হরদেও গ্লাস, মুন কমপ্লেক্সসহ সকল প্রতিষ্ঠানের ভূমি উন্নয়ন কর, পৌর কর/সিটি কর্পোরেশনের কর নিয়মিত পরিশোধ করতে হবে।<br>খ) যে সকল প্রতিষ্ঠান/প্লটের RS ও মহানগর রেকর্ডে নামজারি নাই, সে সকল প্রতিষ্ঠান/প্লটের নামজারির ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিশেষ করে মুন সিনেমা হলের জমি ট্রাস্টের নামে নামজারী করতে হবে এবং খাজনা দেয়ার ব্যবস্থা করতে হবে।<br>গ) ট্রাস্টের সকল দলিল ও অন্যান্য ডকুমেন্টের ডিজিটাল আর্কাইভ তৈরীর জন্য ভেন্ডর নিয়োগ করতে হবে।<br>ঘ) দ্রুত ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক ভূমি শাখা পরিদর্শন করা হবে।<br><br>**বাস্তবায়নকারী: ক) উপ-সহকারী পরিচালক (ভূমি), ট্রাস্ট।**<br>**খ) প্রতিষ্ঠান প্রধান (সকল), ট্রাস্ট** |

অপর পৃষ্ঠ দ্রষ্টব্য

<table>
<tr><th>ক্রমিক</th><th>আলোচ্যসূচি</th><th>আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত</th></tr>
<tr><td>১০.</td><td>অভ্যন্তরীণ প্রশিক্ষণ সংক্রান্ত (Inhouse training)</td><td>পরিচালক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, ২০২৫-২৬ অর্থ বছরের ৫ম ব্যাচের প্রশিক্ষণ গত ০৭-১২-২০২৫ তারিখে আরম্ভ হয়ে ১১-১২-২০২৫ খ্রিষ্টাব্দ তারিখে সমাপ্ত হয়েছে।<br>তিনি জানান, প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীকে বার্ষিক ৬০ ঘন্টা প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। সভাপতি বলেন, লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।<br>সভাপতি ২০২৫-২৬ অর্থ বছরের নির্ধারিত প্রশিক্ষণের পাশাপাশি নতুন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের অডিট আপত্তি নিস্পত্তি সংক্রান্ত প্রশিক্ষণ, E-GP, PPR, D-filing, APA, NIS, GRS, ইনোভেশন, তথ্য অধিকার আইন, ইত্যাদি বিষয় অভ্যন্তরীণ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।</td><td>ক) ২০২৫-২৬ অর্থ বছরের নির্ধারিত অভ্যন্তরীণ প্রশিক্ষণের পাশাপাশি নতুন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের অডিট আপত্তি নিস্পত্তি সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করতে হবে। এছাড়া E-GP, PPR, D-filing, APA, NIS, GRS, ইনোভেশন, তথ্য অধিকার আইন, ৪র্থ শিল্প বিপ্লব ইত্যাদি বিষয়ে মডিউল প্রস্তুত করেত হবে।<br>খ) সঞ্জিবনী প্রশিক্ষণের কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নকারী:<br>উপ-সহকারী পরিচালক (মানব সম্পদ), ট্রাস্ট।</td></tr>
<tr><td>১১.</td><td>ট্রাস্টের বিভিন্ন প্রতিষ্ঠানের ভাড়া আদায়</td><td>ট্রাস্টের প্রতিষ্ঠার প্রধান কর্তৃক বিভিন্ন প্রতিষ্ঠানের ভাড়া প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে আদায়পূর্বক ট্রাস্টের অর্থ বিভাগে জমা প্রদান করে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এবং বাণিজ্য ও উন্নয়ন বিভাগ-কে অবহিত করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন, প্রতিটি প্রতিষ্ঠানে একটি ভাড়া সংক্রান্ত রেজিস্টার রাখতে হবে। প্রতি মাসের ১০ তারিখের মধ্যে ভাড়া আদায় করতে হবে। প্রতি মাসে ভ্যাট প্রদানপূর্বক চালান জমা দেয়ার নিমিত্ত ভাড়াটিয়াদের তাগিদ প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। আমাদের আয়ের বিপরীতে কত টাকা ভ্যাট+ট্যাক্স দিচ্ছি তার তালিকা ও হিসাব নির্ধারণ করতে হবে ।<br>সভাপতি আরো বলেন, ট্রাস্টের আওতাধীন যে সকল প্রতিষ্ঠানে দোকান/স্পেস ভাড়া দেয়া হয়েছে, সে সকল প্রতিষ্ঠানের দোকান/ স্পেস ভাড়াটিয়ার হাতবদল হলে তা কর্তৃপক্ষকে জানাতে হবে। এ বিষয়ে প্রতিমাসে দুইটি (সপ্তাহের রবিবার) সভা আহবান করতে হবে। ভাড়াটিয়াদের বার্ষিক হিসাব নিয়ে প্রতিবেদন তৈরি করতে হবে ।</td><td>ক) ট্রাস্টের প্রতিষ্ঠার প্রধান কর্তৃক বিভিন্ন প্রতিষ্ঠানের ভাড়া প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে আদায়পূর্বক ট্রাস্টের অর্থ বিভাগে জমা প্রদান করে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এবং বাণিজ্য ও উন্নয়ন বিভাগ-কে অবহিত করতে হবে।<br>খ) রাজধানী ও নিউরাজধানী সুপার মার্কেটের বকেয়া ভাড়া আদায় করতে হবে ।<br>খ) প্রতি মাসের ভ্যাট প্রদানপূর্বক চালান জমা দেয়ার জন্য ভাড়াটিয়াদের তাগিদ প্রদান করতে হবে।<br>গ) ট্রাস্টের আওতাধীন যে সকল প্রতিষ্ঠানে দোকান/ স্পেস ভাড়া দেয়া হয়েছে, সে সকল প্রতিষ্ঠানের দোকান/স্পেস ভাড়াটিয়া হাতবদল হলে তা কর্তৃপক্ষকে জানাতে হবে। এ বিষয়ে প্রতিমাসে ০২(দুই)টি সভা আহবান করতে হবে।<br>ঘ) আমাদের আয়ের বিপরীতে কত টাকা ভ্যাট+ট্যাক্স দিচ্ছি তার তালিকা ও হিসাব নির্ধারণ করতে হবে।<br>চ) ভাড়াটিয়াদের বার্ষিক হিসাব নিয়ে প্রতিবেদন তৈরি করতে হবে।<br>ছ) ইউটিসি এবং হাইসন্স এর ওয়্যারহাউজ ভাড়া দেয়ার জন্য দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি দিতে হবে এবং দ্রুত নিস্পত্তি করতে হবে।<br>বাস্তবায়নকারী:<br>ক) অতিরিক্ত পরিচালক (বাণিজ্য ও উন্নয়ন), ট্রাস্ট।<br>খ) ইউনিট/প্রতিষ্ঠান প্রধানগণ, ট্রাস্ট।</td></tr>
<tr><td>১২.</td><td>উন্নয়ন কার্যক্রম</td><td>সহকারী প্রধান প্রকৌশলী ট্রাস্টের উন্নয়ন কার্যক্রম বিষয়ে ভবিষ্যৎ পরিকল্পনা নিম্নবর্ণিতভাবে সভায় উপস্থাপন করেন:<br><u>চলমান উন্নয়ন কার্যক্রম ০৮টি</u><br><table><tr><th>ক্রমিক</th><th>প্রতিষ্ঠানের নাম</th><th>বাস্তবায়ন অগ্রগতি</th></tr><tr><td>০১</td><td>গুলিস্তান শপিং কমপ্লেক্স, ০২ বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা। জমির পরিমাণ: ৬১.৪০ শতক</td><td>১৬ তলার ছাদ ঢালাই সম্পন্ন করা হয়েছে। ১০ হতে ১২ তলার অভ্যন্তরে ফিনিশিং কাজ চলমান রয়েছে। ১৩, ১৪ ও ১৫তলায় ইটের গাথুনী, প্লাস্টারের কাজ সম্পন্ন হয়েছে। ১৫তলায় ইটের গাথুনীর কাজ সম্পন্ন হয়েছে। ১০ হতে ১২ তলার টাইলসের কাজ সম্পন্ন হয়েছে। বঙ্গভবন অভিমুখে জানালা বন্ধ করার কাজ চলমান</td></tr><tr><td>০২</td><td>মুন কমপ্লেক্স ১১ ওয়াইজঘাট রোড, ঢাকা। জমির পরিমাণ: ৬২.০০ শতক;</td><td>০৫ আগস্ট ২০২৪ খ্রি: তারিখের পর ডেভেলপার কাজ সম্পূর্ণরূপে বন্ধ রেখেছে। কাজ করার জন্য ১৫/০১/২০২৫ খ্রি: তারিখে পত্র দেয়া হয়েছে এবং ০৮/০৩/২০২৫ খ্রি: এবং ২৪-০৬-২০২৫ খ্রি. তারিখে সভা আহবান করা হয়েছিল। সভায় ডেভেলপার উপস্থিত হয়নি।</td></tr></table></td><td>ক) ট্রাস্টের স্থাপনাসমূহ ভাড়া দেয়ার জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়ার পাশাপাশি দৃশ্যমান স্থানে ব্যানার টাঙিয়ে দিতে হবে।<br>খ) ট্রাস্টের উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি নিয়ে প্রতি সপ্তাহে সভার আয়োজন করতে হবে।<br>গ) কাজের মান যথার্থ এবং সঠিক কি'না তা কর্তৃপক্ষকে জানাতে হবে।</td></tr>
</table>

অপর পৃষ্ঠ দ্রষ্টব্য

| ক্রমিক | আলোচ্যসূচি | আলোচনা | | | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|
| | | ক্রমিক | প্রতিষ্ঠানের নাম | বাস্তবায়ন অগ্রগতি | |
| ১৪. | | ০৩ | পারুমা (ইস্টার্ণ) লি: ১২১ করিমুল্লাবাগ, পোস্তগোলা, ঢাকা। জমির পরিমাণ: ৪.২৩ একর; | (ক) শেয়ারিং পদ্ধতিতে ভবন নির্মাণের জন্য আল-মুসলিম বিল্ডার্স নামক ডেভেলপার প্রতিষ্ঠান নিয়োগ করা হয়েছিল। ২০২২ সাল পর্যন্ত ডেভেলপার কোনো প্রকার কার্যক্রম গ্রহণ না করায় ২১-০৫-২০২৩ খ্রি. তারিখে জায়গাটি ট্রাস্টের নিয়ন্ত্রণে আনা হয়েছে।<br>(খ) বাউন্ডারী ওয়াল ও বালি ভরাট কাজ সম্পন্ন হয়েছে।<br>(গ) আয়রণ মার্কেট নির্মাণের কাজ চলমান।<br>(১) ০৪টি শেডের মধ্যে (১নং, ২নং, ৩নং ও ৪নং) ২নং শেডের কাঠামো নির্মাণ করা হয়েছে। ফিনিশিং এর কাজ, চলমান;<br>(২) ১নং শেডের কাঠামো নির্মাণ করা হয়েছে। ফিনিশিং এর কাজ, এখনও শুরু হয়নি;<br>(৩) ৩নং শেডের বেইজ, শর্টকলাম, গ্রেডবীম ও ফ্লোর তৈরির জন্য বালি ভরাট কাজ সম্পন্ন করা হয়েছে;<br>(৪) অভ্যন্তরীন ড্রেন ও রাস্তার এর কাজ চলমান রয়েছে। | ঘ) আগামী সভায় উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন দাখিল করতে হবে।<br>ঙ) চট্টগ্রামস্থ মেটাল প্যাকেজেস লি: এর সামনে দোকান নির্মাণ করতে হবে ।<br>বাস্তবায়নকারী:<br>সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল), ট্রাস্ট। |
| | | ০৪ | ইউনাইটেড টোবাকো কোং লিঃ বোর্ড বাজার,গাজীপুর। জমির পরিমাণ: ১.১০ একর; | ০৩টি ওয়্যারহাউসের মধ্যে ০৩টি ওয়্যারহাউসের কাজ শেষ হয়েছে। গেইটের জায়গাতে পল্লীবিদ্যুতের আন্ডারগ্রাউন্ড ক্যাবল থাকায় গেইট নির্মনের কাজ বিলম্বিত হয়। বর্তমানে গেইট নির্মনের কাজ শেষ পর্যায়ে রয়েছে। গেইট নির্মাণ কাজ সম্পন্ন করা হলে সাইট হস্তান্তর করা যাবে। | |
| | | ০৫ | বাংলাদেশ গ্লাস ইন্ডাস্ট্রিজ (হাইসন্স) ১০২, টঙ্গি শিল্প এলাকা, গাজিপুর। জমির পরিমাণ: ১.৭৭ একর; | বালি ভরাটের কাজ সম্পন্ন করে ০৪টি ওয়্যারহাউজের (১১,৪৭৮ বর্গফুট বিশিষ্ট) বেইজ, শর্ট কলাম ও গ্রেড বিম, ঢালায় কাজ সম্পন্ন করে ফ্লোর কম্পেকশনের কাজ সম্পন্ন করে ০১টি ওয়্যারহাউজের স্টীলের কলাম, রাফটার, পার্লিন স্থাপন সম্পন্ন হয়েছে এবং ২নং ও ৩নং ওয়্যারহাউজের স্টীলের কলাম, রাফটার, পার্লিন স্থাপন কাজ চলমান রয়েছে এবং ১২০০ ফুট বাউন্ডারী ওয়াল নির্মাণ সম্পন্ন করা হয়েছে। সারফেস ড্রেনের কাজ এবং ১ ও ২নং ওয়্যারহাউজের ইটের দেওয়ালের কাজ সম্পন্ন হয়েছে ৩নং ওয়্যারহাউজের ইটের দেওয়ালের কাজ চলমান রয়েছে। | |
| | | ০৬ | ডালপট্টির জমি, ৯-১০ পুরাতন ব্যাংক রোড, নারায়নগঞ্জ। জমির পরিমাণ: ১.১১ একর; | ১২০০ ফুটের মধ্যে অদ্যাবধি আনুমানিক ৪৫০ফুট সীমানা প্রাচীর নির্মাণ কাজ সম্পন্ন করেছে। ০৫/০৮/২০২৪ খ্রি: তারিখের পরিবর্তিত পরিস্থিতিতে জনৈক রিপন কাজে বাধা দেয়ায় সীমানা প্রাচীর নির্মাণ কাজ বন্ধ রয়েছে। গত ১৭/০৩/২০২৫ খ্রি: তারিখে ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীর উপস্থিতিতে সীমানা প্রাচীর নির্মাণ কাজ পুনরায় শুরু করা হলে ওয়ারিশসূত্রে মালিকানা দাবি করে স্থানীয় কতিপয় ব্যক্তির কাজে বাধা প্রদান করে এবং পুলিশ সদস্যের উপস্থিতিতেও কাজটি আর শুরু করা সম্ভব হয়নি। | |
| | | ০৭ | স্কুল বাড়ি | দীর্ঘ ৩০ বছর বেদখলে ছিল। গত ০৪/০৮/২০২২ খ্রি: তারিখে জমিটি ট্রাস্টের নিয়ন্ত্রণে এনে সীমানা প্রাচীর নির্মাণ ও গেইট স্থাপন করা হয়েছে। উক্ত জমিতে বীর মুক্তিযোদ্ধা সালামত উল্লাহ অবস্থান করছে; তার সাথে মামলা থাকায় উচ্ছেদ করা সম্ভব হয়নি। পরবর্তীতে ০৫/০৮/২৪ খ্রি: তারিখের পর যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা মৃত মমরেজ আলীর ০২ সন্তান আলোচ্য জায়গায় ঘর নির্মাণ করে অবস্থান করছে। তারা উন্নয়ন কার্যক্রমে বাধা দিচ্ছে।<br>উল্লেখ্য, উক্ত জমিতে ০২টি বেইজমেন্টসহ ১০ তলা বাণিজ্যিক ভবনের নক্সা ও প্রাক্কলনসহ সুপারভিশন কাজের জন্য ৩০/০৭/২০২৪ খ্রি: তারিখে কনসালটেন্টের সাথে চুক্তি সম্পাদিত হয়েছে। নক্সা অনুমোদনের জন্য ট্রাস্টে দাখিল করেছে। | |
| | | ০৮ | ১/৬ গজনবি রোড, মোহাম্মদপুর, ঢাকা। জমির পরিমাণ: ২০.২০ শতক; | জায়গাটির মালিকানা নিয়ে জটিলতা সৃষ্টি হয়েছে। জায়গাটি দখলে রাখার স্বার্থে সীমানা প্রাচীর নির্মাণ করে সাইন বোর্ড দেয়া হয়েছে এবং নিরাপত্তার জন্য সিকিউরিটি গার্ড রাখা হয়েছে। জমির মালিকানা নিয়ে জটিলতা থাকায় জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ হতে অনাপত্তি পাওয়া যাচ্ছে না। এজন্য রাজউক থেকে নক্সা পাশ করা সম্ভাব হচ্ছে না। অনাপত্তি ছাড়পত্র প্রদানের জন্য গৃহায়ন কর্তৃপক্ষ বরাবরে পত্র দেয়া হয়েছে। | |

অপর পৃষ্ঠ দ্রষ্টব্য

| ক্রমিক | আলোচ্যসূচি | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১৩. | বিবিধ: | **ক) চট্টগ্রাম জোনস্থ রেস্ট হাউজের জন্য মালামাল ক্রয় ও সংস্কারকরণ:** বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারী সরকারী কাজে ঢাকা থেকে চট্টগ্রামে গমন করলে/রাত্রি যাপন করার জন্য চট্টগ্রাম জোনের যেকোন ভবনের ০২টি কক্ষ রেস্ট হাউজ হিসেবে সজ্জিত করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। সভাপতি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | চট্টগ্রাম জোনের যেকোন ভবনের ০২টি কক্ষ রেস্ট হাউজ হিসেবে সজ্জিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| | | **খ)** সভাপতি ট্রাস্টের চট্টগ্রাম জোনসহ অন্যান্য প্রতিষ্ঠানের ০৩ (তিন) মাসের অফিস পরিচালনার খরচ বহনের জন্য খাত (বাজেট কোড) উল্লেখপূর্বক বাজেট প্রদানের জন্য ব্যবস্থাপনা পরিচালক বরাবর চাহিদাপত্র পেশ করবেন। সেসকল প্রতিষ্ঠানের অফিস পরিচালনা সংক্রান্ত ব্যাংকে কোনো হিসাব খোলা নাই, তাদের অনতিবিলম্বে ব্যাংকে হিসাব খোলার জন্য নির্দেশনা প্রদান করেন | চট্টগ্রাম জোনসহ অন্যান্য প্রতিষ্ঠানের ০৩ (তিন) মাসের অফিস পরিচালনার খরচ বহনের জন্য খাত (বাজেট কোড) উল্লেখপূর্বক বাজেট প্রদানের জন্য ব্যবস্থাপনা পরিচালক বরাবর চাহিদাপত্র পেশ করতে হবে। সেসকল প্রতিষ্ঠানের অফিস পরিচালনা সংক্রান্ত ব্যাংকে কোনো হিসাব খোলা নাই, তাদের অনতিবিলম্বে ব্যাংকে হিসাব খুলতে হবে। |
| | | **গ) যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের যাচাই/বাছাই:** সভায় জানা যায় ট্রাস্টের ভাতাপ্রাপ্ত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের যাচাই-বাছাই, বিদ্যমান জটিলতা নিরসন এবং মাঠ পর্যায়ের বাস্তব চিত্র পর্যালোচনাসহ তাদের সার্বিক কল্যাণে গবেষণামূলক কার্যক্রম গ্রহণের বিষয়ে মতবিনিময়ের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা/উপজেলায় গিয়ে সরেজমিনে যাচাই-বাছাইয়ের জন্য কল্যাণ বিভাগ থেকে নথি উপস্থাপন করতে হবে। | যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের যাচাই-বাছাই, বিদ্যমান জটিলতা নিরসন এবং মাঠ পর্যায়ের বাস্তব চিত্র পর্যালোচনাসহ তাদের সার্বিক কল্যাণে গবেষণামূলক কার্যক্রম গ্রহণের বিষয়ে মতবিনিময়ের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা/উপজেলায় গিয়ে সরেজমিনে যাচাই-বাছাইয়ের জন্য কল্যাণ বিভাগ থেকে নথি উপস্থাপন করতে হবে।<br>**বাস্তবায়নকারী: যুগ্ম পরিচালক (কল্যাণ ও গবেষণা)।** |
| | | **ঘ)** সভাপতি নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করেন :<br>১) পুরাতন নথিসমূহ র‍্যাকে সংরক্ষণ করতে হবে ;<br>২) ভবনের বাইরে-ভিতরে সংস্কার ও সৌন্দর্যবর্ধন করতে হবে ;<br>৩) ট্রাস্ট প্রধান কার্যালয়ের ওয়াই-ফাই পরিবর্তন করতে হবে; | |

০২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মাহবুবের রহমান)
ব্যবস্থাপনা পরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোনঃ ২২৩৩৫০৭৬৪

স্মারক নং-৪৮.০১.০০০০.১০২.০৬.১৬৩.২১. ৪২০

তারিখ: ০৬ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৯ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। পরিচালক (অর্থ/কল্যাণ ও গবেষণা/বাণিজ্য ও উন্নয়ন/প্রশাসন), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একন্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
০৩। অতি: পরিচালক/যুগ্ম পরিচালক (বাণিজ্য ও উন্নয়ন/কল্যাণ ও গবেষণ/প্রশাসন), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
০৪। ইউনিট প্রধান (সকল)........................................ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
০৫। সহকারী প্রধান প্রকৌশল (সিভিল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
০৬। সহকারী প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রধান নিরীক্ষা কর্মকর্তা, অর্থ বিভাগ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
০৭। ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৮। আইসিটি সেল, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা (বিষয়টি ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)

(মোঃ ফয়েজ আহমেদ খান)
যুগ্ম-পরিচালক (প্রশাসন)
ফোন: ২২৩৩৮৭২৬১